দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 JUL 1990
পৃষ্ঠা ... 2 কলাম 7

28

## প্রয়োজনে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডাবল শিফট চালু করিয়া নিরক্ষরতার অভিশাপ দূর করা হইবে

—প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, সরকার শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনিতে বদ্ধপরিকর। শুধু ঘোষণা দিয়া নয়, কাজের মাধ্যমে প্রেসিডেন্ট এরশাদের সরকার এই দৃঢ় অংগীকারের প্রতি আন্তরিকতা ও নিষ্ঠার পরিচয়

( ২য় পৃ: দ্র: )

### প্রধান মন্ত্রী

(১ম পৃ: পর)

দিতে চায়।

তিনি গতকাল (বুধবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র ও শিক্ষকদের উদ্দেশে ভাষণ দিতেছিলেন। কলেজ ছাত্র সংসদ নবাগত ছাত্র-ছাত্রীদের বরণ উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করে। অধ্যক্ষ ডঃ কিউ এটি এম হাবীবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে সংসদ সদস্য এম আলী রেজা ও ছাত্র-সংসদের সহ-সভাপতি আলমগীর রহমান লোটন বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার জন্য বিরামহীন সামাজিক আন্দোলন ছাড়া পশ্চাৎপদতা হইতে [illegible]দের মুক্তির পথ নাই। [illegible] আশা প্রকাশ করেন যে, জ্ঞান শিক্ষা বিজ্ঞান ও প্রযুক্তিতে জাতি হিসাবে আমাদের সহজাত আকর্ষণ রহিয়াছে। একদা অতীশ দীপঙ্কর এ ভূখণ্ড হইতে জ্ঞানের প্রদীপ নিয়া গিয়াছিলেন শ্যামদেশ ও চীনে। একদিন এদেশের ঘরে ঘরে বসত জ্ঞানের মেলা। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত কাজী জাফর আহমদ বলেন, আমাদের শিক্ষানুরাগের সেই ঐতিহ্যকে উদ্ধার করিতে হইবে। 'বাল্য শিক্ষা'র সুবচনগুলিকে পুনর্বাসন হইতে ফিরাইয়া আনিতে হইবে। শিক্ষার মানবিক উপাদানগুলিকে উপেক্ষা করিয়া আমরা উহাকে জড়পদার্থের খাঁচায় বন্দী করিয়া রাখিয়াছি কিনা এই প্রশ্নগুলির জবাব আমাদের খুঁজে পাইতে হইবে, কারণ ইহার সাথে জড়িত আমাদের অস্তিত্বের প্রশ্ন।

কাজী জাফর আহমদ বলেন, প্রেসিডেন্ট এরশাদ এদেশের মানুষের নাড়ীর স্পন্দন অনুভব করিতে পারেন বলিয়া তাহাদের সমস্যা সমাধানের কথা সবচেয়ে ভাল অনুভব করিতে পারেন। এবং সেইজন্যই প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করিয়া এ অঞ্চলে শিক্ষার ১৭০ বছরের ইতিহাস নূতন করিয়া লিখিয়াছেন। তিনি বলেন, সকলের দ্বারে শিক্ষার আলো পৌঁছানোর জন্য অতীতে অনেক নেতার আকাঙ্ক্ষা ও অংগীকারে [illegible]র মানুষের মন উদ্বেলিত হইয়াছিল, কিন্তু তাহাতে তাহাদের কোন লাভ হয় নাই। প্রেসিডেন্ট এরশাদ এদেশে আশ্বাসের রাজনীতির কবর রচনা করিয়াছেন।

প্রধানমন্ত্রী বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে সফল আমাদের হইতেই হইবে। যেখানে আমাদের অস্তিত্বের প্রশ্ন সেখানে ব্যর্থতার অবকাশ নাই। প্রয়োজনে এদেশের ৭৩,০০০ সরকারী স্কুল-কলেজ-মাদ্রাসায় মর্নিং শিফট ও ডাবল শিফট চালু করিয়া দেশ হইতে নিরক্ষরতার অভিশাপ সমূলে উৎপাটন করা হইবে। —তথ্য বিবরণী